

ভয়

প্রাচীর ঘেরা দিনগুলো
কেবলই চোখ ঠারে
মনের প্রসারে—
যুগ থেকে যুগে
উড়ে চলা
বলাকার গান,
ফিরেছে বারে বারে
অনাগত ছন্দে—
দূর্নিবার থেকে
কোমল গহনে।
উদগত অনাবিলে
অজানিতে
নাম পেয়ে—
প্রেম দীঘল তবু
হয়ে ওঠে।
মন আরো এক
মন গড়ে নেয়
কোনো
দূরাগত চিন্তায়
প্রাচীরের পারে—
আলো তবু
বাসা বাঁধে নি কি?
হীনবল নিঃসীমে,
হিমেল স্রোতে—
স্রোত থেমে আসে—
কোনো নীলাভ স্বপ্ন
আবারো মিশবে এসে
কাজভাঙা ঘুমের মাঝে—
রাত বেড়েছে ওই।